[illegible]। ([illegible]কে কুমারী ইন্দুমতীর প্রতি) [illegible] [illegible] একণে অত্যন্ত অসুস্থ আছেন এবং [illegible] [illegible] বিপরীত প্রস্তাব করা কোন ক্রমেই [illegible] [illegible] রাজকুমার যদি অস্ত্র ধরেনই [illegible] থাকেন, [illegible] আমাদের বাধা দিলে ওঁর কিছু [illegible] [illegible] সম্ভাবনা।

[illegible]। (যশোবন্ত সিংহের প্রতি) মহাশয়! মহারাজ দীর্ঘ[illegible] আপনাদের প্রতি এই [illegible] লিপি প্রেরণ করেছেন পাঠ করুন। (যশোবন্ত সিংহের হস্তে লিপি প্রদান)

যশো। (লিপি গ্রহণ করিয়া রাজকুমারীদ্বয়ের প্রতি) রাজকুমারি! আমি পাঠ করিতেছি আপনারা শ্রবণ করুন।

উভয়ে। হাঁ—আপনি পাঠ করুন।

যশো। (লিপি পাঠ)

[illegible] সমীপেষু—

তোমরা [illegible] পূজার [illegible] রক্ষক হইয়া [illegible] [illegible] প্রাণপণে [illegible] হইয়াছ তেমনি [illegible] তোমাদের রক্ষা নাই, [illegible] দীর্ঘকুশের প্রজ্জ্বলিত [illegible] তোমাদের [illegible] নিমিত্ত [illegible] হও। [illegible]

[illegible]
[illegible] দীর্ঘকুশ।

পাঠ করিয়া ক্রোধান্বিত হইয়া দূতের

প্রতি। তোমার প্রভুকে গিয়ে অনায়াসে বল্‌তে যে তাঁর আত্মশ্লাঘা প্রকাশ ক'রে আমাদের অসিফলককে কোন ক্রমেই পাপাত্মাদের শোণিতপান হ'তে নিবৃত্ত কর্‌তে পার্‌বে না।

দূত। (হাস্য পূর্ব্বক) বেশ। বেশ।

(প্রস্থান।)

সুরেশ। রাজকুমারি। উপস্থিত বিঘ্ন নিবারণ করবার নিমিত্ত আমার প্রতি নির্ভর ক'রে, আমার কলঙ্কিত বাহুকে নিষ্কলঙ্ক করুন।

ইন্দু। রাজকুমার। আপনার মনোভাব প্রকাশ করাতে আমরা সাতিশয় দুঃখিত হলেম। আপনি কি বিবেচনা করেন যে রাজকুমারী আপনার প্রাণ রক্ষা করেছেন বলে আমাদের নিকট আপনার গৌরবের কিছুমাত্র হ্রাস হয়েছে? রাজকুমার। বিবেচনা ক'রে দেখুন, স্বজাতীয়েরা বিপদের সময় পরস্পর এই রূপই উপকার ক'রে থাকে। আপনি আমাদের প্রত্যুপকারের জন্য উতলা হবেন না, অগ্রে আপনি সম্যক সুস্থ হন, প্রত্যুপকারের অনেক সময় আছে।

সুরেশ। (সরোষে) কুমারি। সিংহ সবলই হউক, আর দুর্ব্বলই হউক, স্বাধীন অবস্থায় শত্রু দর্শন ক'রে কখনই নিরস্ত থাক্‌তে পারে না।

প্রভা। (ইন্দুমতীর প্রতি) প্রিয়সখি। রাজকুমারের উদ্দীপ্ত ক্রোধকে আমাদের কোপানলে সহকারী হয়ে শত্রু-

পার — কলুষে নির্ব্বাপিত হও নয় তো কোন সম্বন্ধে
রেখে থাকে না ; তবে ওঁর মতাবলম্বী হওয়াই উচিত।
আমাদের কর্ত্তব্য, আর বারম্বার বাধা দিয়ে ওঁর দর্প
পীড়া বৃদ্ধি করিবার আবশ্যক করে না।

ইরা। রাজকুমারি! রাজকুমারের মতের সহিত যখন আপনার অভিপ্রায় ঐক্য হয়েছে, তখন আমার আমত কি?

(নেপথ্যে রণবাদ্য।)

মহেশ। (রণবাদ্য শুনিয়া ইরাবতীর প্রতি) রাজকুমারি! ঐ রণবাদ্য শ্রবণ করুন, সংগ্রামের আর বিলম্ব নাই; বোধ করি দুরাত্মারা শিবিরের নিকটবর্ত্তী হয়েছে, এবে আমাকে একখানি অস্ত্র প্রদানের অনুমতি করুন, আর সৈন্যগণকে যুদ্ধ করিবার নিমিত্তে আজ্ঞা দিন, সমভিব্যাহারে রণ ক্ষেত্রে গমনের জন্য, আর আপনারা নিশ্চিন্ত হ'য়ে শিবির মধ্যে অবস্থান পূর্ব্বক ক্লেশ দূর করুন।

ইরা। (এক জন সৈন্যের প্রতি) দেখ! শীঘ্র এক খানি প্রধান অস্ত্র তোমাদের শিবির হ'তে আনিয়া রাজকুমারের হস্তে প্রদান কর, আর রাজকুমার এখন হ'তে তোমাদের প্রতি যখন যে আজ্ঞা করবেন তৎক্ষণাৎ তাহা প্রতিপালন করবে।

সৈন্য। যে আজ্ঞা।

(প্রস্থান।)

ইরা। (সংশাবস্ত সিংহের প্রতি) রাজকুমার! আমরা আপনাকে অনুরোধ করিতেছি, যুদ্ধক্ষেত্র গমনে আমাদিগকে বাধা দেবেন না।

সংশা। (চিন্তা করিয়া) রাজকুমারি! যদি আপনারা রণক্ষেত্র দর্শনে অভিলাষিনী হয়ে থাকেন, চলুন; আমার বাধা দেওনের কোন আবশ্যক নাই।

অস্ত্র লইয়া সৈন্যের প্রবেশ।

সৈন্য। রাজকুমার! অস্ত্র গ্রহণ করুন। (সংশাবস্ত সিংহের হস্তে অস্ত্র প্রদান।)

সংশা। (অস্ত্র গ্রহণ করিয়া সৈন্যের প্রতি) সৈন্যগণ! তোমরা সকলে যুদ্ধের নিয়মানুসারে প্রস্তুত হইয়ে, শত্রুর সম্মুখে শ্রেণীবদ্ধ হও গে। দেখ যেন আমার অনভিপ্রায়ে যুদ্ধে প্রবৃত্ত না হয়।

সৈন্য। রাজকুমারের আজ্ঞা শিরোধার্য।

প্রস্থান।

সংশা। রাজকুমারি! তবে আপনারা আগমন করুন, আর বিলম্ব করা উচিত হয় না।

উভয়ে। রাজকুমার! আপনি অগ্রগামী হউন।

[সকলের প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

রূপপুর নগর রাজবাটী—মহারাজ উদয় সিংহের প্রতিষ্ঠিত ইষ্টদেবী মহামায়ার গৃহ।

হোমাগ্নি সম্মুখে মহাবিদ্যার স্তব পাঠে নিযুক্ত শালীরাম গিরি আসীন।

শালী। (স্তব পাঠ।)

প্রণমামি জগদ্ধাত্রীং শুম্ভাসুর নিসূদিনীং গণ্ডপ্রিয়াং রক্তবর্ণাং রক্তবীজ বিমর্দ্দিনীং। কৈরবীং ভুবনাং দেবীং দেবে-ন্দ্রবন্দ্যাং সুরেশ্বরীং, চতুর্ভুজাং দশভুজাং দশভুজাং ভুজাং। ত্রিপুরেশীং বিশ্বনাথপ্রিয়াং বিশ্বেশ্বরীং শিবাং। অট্টহাসে-ক্ষোভসপ্রিয়াং ধূম্র বিনাশিনীং। কমলাং ছিন্নভালাঞ্চ মাতঙ্গীং সুরসুন্দরীং। ষোড়শীং বিজয়াং ভীমাং ধূমাঞ্চ বগলামুখীং। সর্ব্বসিদ্ধি প্রদাং সর্ব্ববিদ্যামন্ত্র বিশোধিনী। প্রণমামি জগত্তারাং সারাঞ্চ মন্ত্রসিদ্ধয়ে।

রাজা উদয় সিংহের প্রবেশ।

শালী। (স্তব সমাধানে মহামায়াকে প্রণাম করিয়া উদয় সিংহের প্রতি) মহারাজ! এদিকে আসুন, টীকা গ্রহণ করুন।

উদ। (টীপ গ্রহণ ও প্রণাম করণানন্তর করযোড়ে) গুরু-দেব! কুমারের অন্বেষণে কত শত স্থানে লোক প্রেরণ করেছিলাম তাহার সংবাদ নাই, কোথাও বাচনিক

তাঁকে পুনঃ প্রাপ্ত হবার আশা পেলেম না। তাঁর ভাল মন্দ কিছুই বুঝতে পাচ্চি না. তাঁর সেই মুখ চন্দ্রিমা না দেখে আমি আর জীবন ধারণ করতে পারি না; গুরুদেব! (শালীরামের চরণ ধারণ পূর্ব্বক) এক্ষণে উপায়?

শালী। নরনাথ! ও কি! রাজকুমারের অশুভ ভাবনা চিন্তা কচ্চেন কেন?—এ কয়েক [illegible] মহাত্মা প্রতি অঙ্গুলি নির্দ্দেশ পূর্ব্বক) আপনার ইষ্ট দেবকে স্মরণ করুন. যাদের কৃপায় কুমার যে স্থানে গিয়ে অবস্থিতি করেচেন সে স্থানে নিশ্চয় সচ্ছন্দে আছেন। আশ্বাসিত হউন।

[illegible]। (চরণ পরিত্যাগ পূর্ব্বক। গুরুদেব! আপনার আশ্বাস বাক্যে জীবন এখনও দেহ মধ্যে আছে, কিন্তু আর থাকে না। হা—বংশ সরোবন্দ্ু! কোথায় তুমি আমার বংশ রক্ষা করবে, আমাকে এই বৃদ্ধ বয়সে সুখী করবে, তা না হ'য়ে তুমি আমাকে পরিত্যাগ ক'রে গিয়ে কি এই শোচনীয় অবস্থায় নিক্ষেপ করলে; তুমি, আমার বংশ মধ্যে এক মাত্র সন্তান তোমার অদর্শনে কি আমি জীবিত থাকতে পারি?—হায়! হায়! আমার অদৃষ্টে এমন ঘটনা কেন হ'ল—অবশ্য আমার পূর্ব্ব জন্মে কোন গুরুতর পাপ হয়েছিল, তা না হলে যে পুত্রবৎসের অদর্শন এক মুহূর্ত [illegible] হয় নাই. অদ্য তিন মাসাবধি সেই প্রাণাধিকের [illegible], ক্লেশ সহ্য করতে হ'ল—উঃ—[illegible]

দেব! আমার হৃদয় যে বিদীর্ণ হয়, আমাকে আপনার পদধূলি দিয়ে এ জন্মের মত বিদায় দিন। আমি ইষ্টদেবীর সম্মুখে আপনার শ্রীচরণ স্মরণ ক'রে প্রাণ ত্যাগ করি, আমার অন্তিম কালের আয়োজন করি।

শালী। (রাজার হস্ত ধারণ করিয়া) মহারাজ! উতলা হবেন না, আমি যে পুত্রেষ্টি যাগ আরম্ভ করেছি, তাতে আপনি কুমারকে অতি শীঘ্র প্রাপ্ত হবেন; কুমারের জন্মগ্রহণ কালে এই যাগের ফল আপনার তো অবিদিত নাই।

উদ। গুরুদেব! আমার হৃদয় বিদীর্ণ হয়, আর প্রবোধ মানে না। কুমারের জন্মগ্রহণের নিমিত্ত যাগ করে অতি শীঘ্র ফল প্রদান করেছিলেন, এক্ষণে কুমারটির ভাগ্যে কেন এত নিষ্ঠুর হচ্ছেন? গুরুদেব! আমি তো আপনার নিকট কোন অপরাধ করি নাই—হে বিধাতঃ! তোমার মনে কি এই ছিল? (মহামায়ার প্রতি দৃষ্টিপাত করিয়া) ইষ্টদেবি! আমার অদৃষ্টে কি শেষ কালে এই করলেন, আমাকে কুমার রত্ন প্রদান ক'রে অবশেষে বঞ্চিত করলেন? বৎস! তুমি কি আমাকে যথার্থই পরিত্যাগ করলে? হায়! হায়! (রোদন।)

শালী। মহারাজ! এই যাগ সম্পাদন করতে কোন উপকারই আমা কর্তৃক অঙ্গহীন হবে না, তবে ক্রমশঃ বুদ্ধি ঘোর হয়ে আসছে, কোন দেবতার আরাধনায়

নিযুক্ত হলে কলিযুগের প্রাদুর্ভাব, এ পাপ সংসারে আমাদের প্রতি হিংসা দৃষ্টি নিক্ষেপ করতে দেবতারা ইচ্ছা করেন না, কিন্তু এই অশ্বমেধ যাগে নিশ্চয়ই তাঁহাদের আপনার প্রতি কৃপা প্রদান করতে হবে আর আমি নিশ্চয় বলছি যে এই যাগ সমাপ্ত হলে আমাদেরই কুমারকে আপনি পুনঃপ্রাপ্ত হবেন।

(চিন্তা করিয়া) গুরুদেব! আমার কিছুই ভাল বোধ হচ্চে না এতদূর সর্ব্বনাশ কারও হয় না, হায়! হায়! এই জগৎসংসারে ঈশ্বরের নিকট কি আমি এতদূর দণ্ডনীয় হয়েছি, যে জন্মাবধি কেবল মনস্তাপ সহ্য করতে হলো! গুরুদেব! দেখুন প্রথম এই রাজবংশের লোপ হবার উপক্রম হওয়ায় আমার অন্তঃকরণ একবারে দগ্ধ হচ্ছিল, তা কেবল আপনার কৃপাবলে যাগযজ্ঞ দ্বারা দেবারাধনা করে সে আশঙ্কা দূরীভূত হয়েছিল। কিন্তু একণে আমার যে ক্লেশ হচ্চে এ অপেক্ষা আমার ঔরসে সন্তানের জন্মা না হওয়া ভাল ছিল। আমি তো এক তিলের জন্যও স্নেহহীন নয়নে কুমারের মুখমণ্ডল দৃষ্টি করি নাই, তবে এ সংসারে কি এমন গুরুতর ... যার পর নাই বিদ্যাবান ও বুদ্ধিমান ... পিতৃহত্যা বিবেচনা না করে, আমার প্রাণ বধ ... করলেন। আমি তাঁর অজ্ঞাতবাস গমনের কারণ কিছুই অনুসন্ধান করতে পাচ্চিনে।

শাস্ত্রী। মহারাজ! আপনি এক শরীরে অবলম্বন করুন, আর কি করা যেতে পারে। চেষ্টার অসাধ্য এ সংসারে কোন্ কার্য্য আছে, চেষ্টায় সকল কার্য্যই সিদ্ধ হতে পারে, যেমন কুমারের অনুসন্ধান নিমিত্ত কত দেশ দেশান্তরে দূত প্রেরণ করা হয়েছে, এখন পর্য্যন্ত সকলে প্রত্যাগমন করে নাই। বিশেষতঃ এই এক প্রকাণ্ড যজ্ঞ আরম্ভ করা গিয়েছে, এতেও যদি চেষ্টার কিছু ত্রুটি হয়েছে বিবেচনা করেন, তা হ'লে আমি অনুমতি দিচ্ছি আপনি সসৈন্যে কুমারকে অন্বেষণ করতে গমন করুন, আরও আমি আশী-র্ব্বাদ করি, নিশ্চয়ই কুমারকে সশরীরে কোন না কোন স্থানে প্রাপ্ত হবেন।

রাজা। মহাশয়! আমার হৃদয়ে দৃঢ় প্রতীতি হয়েছে, আমি স্বয়ং কুমারের অন্বেষণে ভ্রমণ করলে তাঁকে আলিঙ্গন ক'রে হৃদয় সুশীতল করতে পারব, কেবল আপনার অনুমতি প্রতীক্ষা ছিল। আপনি অন্তর্য্যামী, আমার মনোভাব আপনার নিকট ব্যক্ত না করতে আপনি স্বয়ং আমার মনের অভিপ্রায় প্রকাশ করলেন, আর সেনাপতি দুর্গাদিন সিংহকে অমরকুটাভিমুখে প্রেরণ করেছি, কেবল তাঁর বাচনিক সংবাদ শুনিবার নিমিত্ত এখন পর্য্যন্তও থাকা।

(সসম্ভ্রমে প্রতিহারীর প্রবেশ।)

প্রতি। মহারাজ! প্রণাম করিয়া নিবেদন করিতেছি। মহারাজের সেনাপতি দুর্গাদিন সিংহ রাজধানীতে প্রত্যাগমন ...

[illegible]লেন আমি দৃ[illegible] তাঁর দৃষ্টি করে আপনাকে তাঁর [illegible] দিতে [illegible]।

উদ। (সসম্ভ্রমে [illegible] করিয়া গুরুদেবের পদধূলি গ্রহণান্তে) গুরুদেব! আশীর্ব্বাদ করুন যেন আপনার [illegible] শুভ সংবাদ [illegible]।

শালী। ([illegible] পূর্ব্বক মহামায়ার ধ্যান।)

উদ। (ইষ্টদেবীকে প্রণিপাত পূর্ব্বক করযোড়ে দণ্ডায়মান হইয়া) ইষ্টদেবী! আমি যেন সেনাপতির মুখে কুমারের শুভ সংবাদ শ্রবণ করি, নচেৎ আপনার সেবকের [illegible] আর কোন উপায় নাই। (করযোড়ে [illegible] প্রতি) গুরুদেব তবে আমি এক্ষণে সেনাপতির সহিত সাক্ষাৎ জন্য রাজ সভায় গমনের অনুমতি প্রার্থনা করি।

শালী। হঁ, আপনি শীঘ্র গমন করুন, আমি এইমাত্র মহামায়াকে ধ্যান [illegible] শুভ লক্ষণই দর্শন করলেম, [illegible] আমি শীঘ্রই এখান হতে আমার নির্দ্দিষ্ট স্থানে গমন করব, সেনাপতির প্রমুখাৎ সমাচার অবগত হওন মাত্রেই অবিলম্বে আমার নিকট সংবাদ প্রেরণ করবেন।

উদ। যে আজ্ঞা গুরুদেব।

(প্রস্থান।)

শালী। (স্বগত) হায়-হায়-হায়!! এমত মহৎ রাজবংশটা কি একেবারে লোপ পাবে? (মহামায়াকে অবলোকন করিয়া) মহামায়ে! সকলই তোমার ইচ্ছা;

হায়! হায়! এ রাজকুলের কিছুই তো শুভ লক্ষণ আমি দেখ্‌ছি না, যে গণনা করি তাতেই অমঙ্গল ঘটিবার চিহ্ন দেখ্‌তে পাই। কল্য রজনীতে উদয়েরই কোষ্ঠী দেখে বর্ত্তমান গ্রহের ফলাফল গণনা কল্লেম, মহারাজের প্রাণ সংশয়, আবার কুমারের সম্মুখে শনির ভোগ। (চিন্তা করিয়া) উঃ — তারা — বিঘ্ন বিনাশিনী মাগো! — এ আদি বংশটী রক্ষা কর। (মহামায়াকে প্রণিপাত করিয়া অগ্রসর হইয়া) এ রাজ বংশে অবশ্যই কোন নিদারুণ পাপের সঞ্চার হয়ে থাক্‌বে, নচেৎ এমন মোহময় পিতার হৃদয়দর্শীর মত সন্তান হ'য়ে, অতি সুশীল কুমার এই সর্ব্বনাশ উপস্থিত কল্লেন — মহারাজের কেবল মাত্রিকায় গুরু ভক্তি বলে, আমার বাক্যে একদিন নিশ্চিন্ত হয়ে ছিলেন, কিন্তু অদ্য যে রূপ ব্যথিত হয়েছেন দেখলাম তাতে যে আমার আশ্বাস বাক্যে তাঁর ধৈর্য্যাবলম্বন করেন এমন তো বিবেচনা হয় না। যাহা হউক্‌ পণ্ডিত — সেনাপতি কি সমাচার দিয়াছেন শ্রবণ করিগে।

(প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাঙ্ক।

দেবগড়নগর—রাজগৃহ।

রাজা দৌলতরায় আসীন।

দৌল। (স্বগত) অদ্য সপ্তাহ হ'ল গান্ধা... করে দূত প্রেরণ করেচি কিন্তু এখন পর্য্যন্তও সে ... তা গত হ'ল না; কুমারী ইন্দুমতীর জন্য অন্তঃকরণ বড়ই চঞ্চল হয়েচে (চিন্তা করিয়া) এ সময় যদি একবার প্রিয় বয়স্য আসেন তাহলে ... ক্ষণেক আমোদ করে দেখা যেতো ... কোন প্রকারে অন্যমনস্ক হ'তে পারি। ... বিদূষককে দেখিয়া) আরে এ কে বয়স্য ... এস এস; ভাই এস, এতক্ষণ তোমার ... মনে মনে কচ্ছিলাম।

বিদূষকের প্রবেশ।

বিদূ। হা—হা—হো—মহারাজ! আমি কি এক ... যেমন তেমন ভোক্তা, তাই আমার গমন করবেন না (রাজার প্রতি স্থির দৃষ্টে দৃষ্টিপাত পূর্ব্বক কিছু ...) একি! মহারাজ! আজ আপনাকে বড় ...িত দেখ্চি; বলি ব্যাপার খানা কি? ...হযী বুঝি কিছু অতিরিক্ত আপনার সেবা নিয়ে থাকবেন?

দৌল। বয়স্য! আমি তো তোমার এ সব বাক্য কিছুই বুঝতে পারলেম না।

বিদু। (উদরে হস্ত মর্দ্দন করিতে করিতে [illegible] দ্বারা উদর দর্শাইয়া) বাবা মহারাজ! এ [illegible] কার্য্য যদি বল্যেন, এই [illegible] মহারাজ! ([illegible] সন্দেশের আকৃতি ও [illegible] দেখাইয়া) এমন এমন গোলাকার।

[illegible]। (ঈষৎ হাস্য করিয়া) বয়স্য [illegible] যদি তুমি স্থির করে থাক, তবে [illegible] থাকবের কারণ কি?

বিদু। মহারাজ! অতিরিক্ত আহারেই [illegible] হয়, যদি আপনার সেই প্রকার [illegible] উপস্থিত হয়ে থাকে—

[illegible]। বয়স্য! অতিরিক্ত আহারেও [illegible] বুদ্ধিমানে কেহ কখন করে থাকে?

বিদু। মহারাজ! যে [illegible] হয় সেই আহার [illegible] করে থাকে, দেখুন [illegible] এবং [illegible] বুদ্ধিমান ব্রাহ্মণের ছেলে, যদি আহারীয় সামগ্রী উত্তম রূপ সম্মুখে প্রস্তুত দেখতে পাই, তা হলে নিম্ন দৃষ্টিপাত করে যতক্ষণ উদরে ধরে, ততক্ষণ তো কাহারো সহিত বাক্যালাপ না করে এক মন, এক চিত্তে আহারটা করা যায়; তার পর যখন দেখলেম যে আর উদরে ধরে না, তখন একটী আশ্চর্য্য ফিকির খাটাই।

[illegible]। (ঈষৎ হাস্য করিয়া) কি রকম ফিকির খাটাও ভাই, বল না শুনি?

বিদু। হা—হা—হা—মহারাজ! আপনি বড় চালাক

আর আমাকে বড় নির্বোধ বিবেচনা করলেন তাই কাঁকমালে ও বচ্যাটা শিখে নেবেন মনে করেছেন ?

দৌল। অরে ভাই তুমি এক জন মস্ত বিদ্বান ব্যা... না ... একটা বিদ্যাদান করেই ফেল্লে।

বিদু। (স্বগত) সুযোগ পাওয়া গিয়েছে, এই ... কুরান করে নিতে হবে। (প্রকাশে) ভাল মহারাজ যদি অপনাকে ফিকিরট বলে দিই তাহলে আমাকে কি দিবেন বলুন দেখি ?

দৌল। (হস্তের অঙ্গুরি দেখাইয়া) দেখ ভাই এই অঙ্গুরিটি তোমাকে প্রদান করব।

বিদু। (কপালে করাঘাত পূর্ব্বক) হা অামার ক... সে কি মহারাজ! আপনার নিকট কি এমন অর্থ... কিছুই নাই যে, আমাকে সের চার রসগোল্লা ... দেন, তাই আপনার হস্তের সবের অঙ্গুরিটি ... দিয়ে রসগোল্লা কিনতে দিচ্চেন ?

দৌল। বয়স্য ! তুমি কি বিবেচনা করেছ যে, আমি তোমাকে রসগোল্লা ক্রয় করতে অঙ্গুরিটি দিতে চাচ্ছি ?

বিদু। (মুখভঙ্গি করিয়া) তবে আর কি আমার মাথা মুণ্ডের জন্য দিবেন ?

দৌল। হা—নির্ব্বোধ ব্রাহ্মণ! পৃথিবীতে জন্ম গ্রহণ করে কেবল আহারটাই বুঝি মোক্ষপদ বিবেচনা করেছ ?

বিদু। হা—হা—হা—মহারাজ! (উদরে হস্ত দিয়া) যে লোকে সর্ব্বভোগে সুখী হয়, আমার যদি উদরটা

সিদ্ধান্তে পরিপূর্ণ থাকে, তাহলে আমি এ অপেক্ষা দ্বিগুণ সুখী হই।

দৌল। ওহে দেখ ভাই একা তোমার দোষ নয়, প্রায়ই ব্রাহ্মণ জাতিদিগকে তোমার ন্যায় আহার প্রিয় দেখা যায়, এক্ষণে বল দেখি অতিরিক্ত আহার করিতে কিকিরটা কি?

বিদু। মহারাজ! কি দেবেন তা আগে বলুন।

দৌল। আমি যা তোমাকে দিতে ইচ্ছুক [illegible] আর তুমি তো সন্তুষ্ট হবে না; কি পেলে [illegible] তাই বল?

বিদু। (প্রফুল্ল চিত্তে উদরে হস্ত মার্জ্জনপূর্ব্বক স্বগত) হা হা—হা আজ প্রভাতে কার মুখ দেখে [illegible] হতে উঠেছিলাম যে ইচ্ছামত মিষ্টান্ন ভক্ষণ করা যাবে। (প্রকাশে মহারাজ [illegible])

দৌল। হাঁ বল।

বিদু। কতিকাতি লুচিভিঃ শর্করা [illegible] গব্যা [illegible] মণ্ডা মধুর মনোহরা পক্ক [illegible] খাজা [illegible] [illegible] প্রভৃতি করে এ অমুকার কার্য্য [illegible] দিন [illegible] বলেন মহারাজ সর্ব্ব প্রকারে আপনার কল্যাণ [illegible] তবেই একটা কথা।

দৌল। ([illegible]) কি ভয়ানক [illegible] আমার [illegible] প্রকাশ করেছেন। [illegible] একটি তবে। মিষ্টান্ন মাত্র খড় [illegible] তা [illegible] মাত্র আটি [illegible] আহার করতে পারে না, [illegible] আমার উপরে যা

তক্ষকীট আছে। (প্রকাশে) যদি ওহে তুমি দেখচি একটা শাস্ত্রীয় শ্লোকের ন্যায় আউড়ে গেলে, কিন্তু বল দেখি ভাই, এ কোন শাস্ত্রের শ্লোক আর এ শ্লোকের অর্থ কি?

বিদূ। মহারাজ! এ আমার পৈতৃক বিদ্যা, এ [illegible] ন্যায়ও নয়, আর স্মৃতি শাস্ত্রও নয়।

দোল। তবে এ কি?

বিদূ। মহারাজ! এর নাম উদর যোগশাস্ত্র।

দোল। (হাস্য করিয়া) উদরযোগ শাস্ত্র [illegible]

বিদূ। এ শাস্ত্র অভ্যাস বড় কঠিন [illegible] মহারাজ! পেটে থেকে পড়ে অবধি এ শাস্ত্র অভ্যাস করিতে হয়।

দোল। হাঁ হে এ শাস্ত্রকারক কে, [illegible] কার নিকট এ শাস্ত্র অধ্যয়ন করেচ?

বিদূ। মহারাজ! এ শাস্ত্র জন্মদাতা [illegible] পিতৃ মহাশয়, আর আমি এসব তাঁর নিকট অধ্যয়ন করেছিলাম।

দোল। উঃ তবেত দেখচি তোমার পিতা মহাশয়ের অদ্বিতীয় বুৎপত্তি ছিল।

বিদূ। এ শাস্ত্রটার তাঁর [illegible] [illegible], [illegible] অনেক কষ্টে আমাকে শিক্ষা [illegible], এমন কি বনা [illegible] তিনি [illegible] [illegible] আমাকে নিয়ে গিয়ে অর্দ্ধচন্দ্র [illegible] দেওয়াতেন। [illegible] [illegible] করলে [illegible] যায় না, [illegible] এই শাস্ত্র রপ্তটা শিক্ষা করা গিয়াছে, বুঝেছেন?

সৌদা। হাঁ, তাই বুঝেছি। কিন্তু তাই তোমার [illegible] তো অধিক ক্ষণ কর্‌লে, এক্ষণে তোমাকে একটী তাল মিষ্টান্নই দেওয়া যাবে, তোমার সেই [illegible] কি তা বল।

বিদূ। মহারাজ! দেখ্‌তে চান্‌, না অগ্রে শুন্‌তে চান্‌?

সৌদা। অগ্রে তাই তুমি আমাকে শোনাও তার পর দেখা যাবে।

বিদূ। (মস্তক নত করিয়া ভক্ষণ করণ দেখাইয়া) মহারাজ এই রকম ক'রে, যত দূর মিষ্টান্ন সামগ্রী ধর্‌ল, তত দূর আকার করা গেল, (উদর স্ফীত করিয়া হস্তের দ্বারা মুখে আহারীয় সামগ্রী তুলিয়া দেখাইয়া) তার পর মহারাজ এই প্রকার করে যতক্ষণ পর্য্যন্ত মিষ্টান্ন সকল গলা হ'তে [illegible] ছাপিয়ে না পড়ে নিকট না আসে, ততক্ষণ [illegible] (চক্ষু দ্বারা ইঙ্গিত করিয়া) চলেছে চল্‌চে, বুঝ্‌লেন তো?

সৌদা। (নেপথ্যে পদশব্দ শুনিয়া পশ্চাতে দৃষ্টিপাত করিয়া দূরে দূতকে দেখিয়া) এই যে দূত আস্‌চে দেখ্‌চি— (স্বগত) কিন্তু আমি যা ভাবনা করেছি তাই যে দেখ্‌চি, দূত তো একাকীই আস্‌চে।

বিদূ। মহারাজ! আমার বিদায়টা?

সৌদা। (বিরক্ত ভাবে) এখনই বিদায় কর ভাই, যা তোমার নিকট স্বীকৃত হয়েছি তা লঙ্ঘন হবে না।

বিদূ। (আনন্দিত হইয়া স্বগত) আহা! কেমন লোক

হলে রুগী এখন তখন, আর শুক্লা ছয় মাসের পথ, আমার ভাগ্যে তাই হবে দেখছি; আমাকে লোক দেখ্যে অমনি সরে বসলেম।

দূতের প্রবেশ।

দূত। মহারাজের জয় হউক।

কৌল। দূত! খবর মঙ্গল?

দূত। মহারাজ! শারীরিক মঙ্গল কিন্তু [illegible]

কৌল। (আশ্চর্য্যান্বিত হইয়া) কেন?

দূত। মহারাজ! আমি যে রূপ সত্য মিথ্যা [illegible] কৌশল ক'রে রাজকুমার মহীপৎসিংহের নিকট পত্র করে এসেছি তা অন্তর্যামী ভগবানই জানেন; আর সেই দয়ানিধান জগদীশ্বরের কৃপা ব্যতীত মান রক্ষার আর কোন উপায় দেখা যাচ্চে না।

কৌল। দূত! তোমার সে কৌশলের কোন ফল প্রাপ্ত হয়েচে?

দূত। মহারাজ তা আর আপনার একণে [illegible] করার কোন বিশেষ ফল দেখা যাচ্চে না।

কৌল। (ঈষৎ ক্রোধান্বিত হইয়া) দূত! এ তোমার কি প্রকার প্রত্যুত্তর হ'লো? আমার গরে মহীপৎসিংহের নিকট যে তোমাকে সন্ধির প্রস্তাবের জন্য প্রেরণ করেছিলাম তার প্রত্যুত্তর শুনবার নিমিত্ত, না তুমি আমাকে না শুনাইয়ে গোপন করে রাখবে তার নিমিত্ত?

দূত। (নীরবে চিন্তা।)

বিদূ। (স্বগত) গান্ধার নগরে ... ছিলেন? (চি... মহারাজ কি জন্যই বা ... (... করিয়া) আর সন্ধি কথাটির বা অর্থ ... হয়ে যায় (চিন্তা করিয়া) কোন আহারীয় দ্রব্য না ... সন্দেশ না—ঠিক হয়েছে সন্ধি কথাটির অর্থ এক প্রকার হবে। (প্রকাশে)—রসগোল্লা হউক বা মণ্ডা হউক।

... মহারাজ! রাগান্ধ হবেন না। রাজকুমার মহীপাল সিংহ ... প্রস্তাব শ্রবণে যে কঠিন প্রত্যুত্তর দিয়েছেন তা আপনার হৃদয়ে আঘাত করবে সেই কারণ বশতঃ সহসা আমি প্রকাশ করতে ইচ্ছুক ছিলেম।

দৌল। দূত! গোপন করলেও তো ঐ রূপ শেল সম আমার হৃদয়ে আঘাত করবে—তোমার প্রকাশ করা কর্তব্য।

বিদূ। (স্বগত) লক্ষ্মী পরিত্যাগ হবার অগ্রেই মহারাজাদের এই রকম বুদ্ধি হয়, এবং ঘরে ঘরে এই প্রকার দন্ত কিচ্‌কিচি হয়ে থাকে। (প্রকাশে) মহারাজ! আমি চালাক লোক, দূতের অভিপ্রায় সব বুঝতে পেরেচি; ঝকড়া করলে কি হবে? আমার মুখে শুনুন, এই যে গান্ধারনগরের নাম শুনেচেন কেন তা জানেন সেখানকার মোণ্ডাগুলো বড় সুগন্ধ বলে; আর দূত বুদ্ধিমান কি না, আপনি রসগোল্লা কিনতে পাঠিয়েছিলেন উনি রসগোল্লার বদলে সুগন্ধ সন্দেশ কিনে আনছিলেন, বোধ হয় পথের মধ্যে সন্দেশের হাঁড়ি ... থাকবে, তাই মন্দ খবর ... আপনাকে ... না।

(নিয়জভাবে)

তীত তো ... তোমার বুদ্ধিতে কেবল সন্দেশ ... কাজ হও ... র কিছুই উৎপন্ন হয় না দেখ ছি, এ গটু ... এখন আমাদের একটী কোন বিশেষ কথা ... বন্ধু একটু স্থির হয়ে শোন।

... মহারাজ, (মস্তকে হস্ত মার্জ্জন করিতে ...) শুনকে আর ছাই, যেখানে হাঁড়ি ... কসানি হয়েছে, তার আর কি হবে, চোখ ... আছে। হুঁ উনি যতই কেন ... ফল কথা এক ... চলচে না, আমি তো এই ...

... দূত ... অর ... প্রকাশ কর।

দূত মহারাজ! ... বিবেচনা না কর ... হবে। তবে ... শুনুন — আমি ... আপনার বিক্রম প্রকাশ করে ... দেখিয়েছি ও আপনার যত অহঙ্কার প্রকাশ করেছি, ... তার চতুর্গুণ অহঙ্কার প্রকাশ করতে আরম্ভ করলেন; ... কি করি ... তাই তো শুনতে ... সর্ব্বশেষে ... অসীম সাহসে আপনাকে সংবাদ ... বললেন যে তিনি ... যুদ্ধে সম্মত, আপনাকে কুমারী ... প্রদান করে সন্ধি গ্রহণে কখনই সম্মত নহেন।

দৌল। (চিন্তা।)

বিদু। (সভয়ে স্বগত) ... না ... বাড়ির ভেতর

কত বড় পেটটা, আমার পৌঁছায় কাজ নাই বাবা, আমার মুড়ি মুড়কি হলেই থাক, তোমার জাত থাকলে অনেক খাওয়া মিলবে, এখন এখান থেকে পালাই বাবা। (পলায়নে উদ্যত)

রাজা। (বিদূষকের প্রতি) ভয় কি কোথা যাও, কোথা যাও, বসো, বসো, তোমার জন্য খাওয়া আনিয়ে দিচ্ছি।

বিদূ। মহারাজ! খেতে পাবার কথা আমার মাথায় থাক, পেটে খেলে পিঠে সইতে হবে, এখন আমার নিজের আবশ্যক আছে, আবার আসছি! (যাইতে যাইতে স্বগত) ও বাবা! যুদ্ধ!

(প্রস্থান)

রাজা। (পূর্ব্ববৎ চিন্তা)

দূত। (রাজার চিন্তা দেখিয়া) মহারাজ! আমাদের যেরূপ সৈন্য সংখ্যা তাতে পাঠানদিগের সৈন্যের সহিত সমর, সমতুল্য হবে না; বোধ করি পাঠানদিগের সৈন্যের অর্দ্ধেক ও আপনার সংগ্রহ আছে কি না সন্দেহ। সুতরাং সম্মুখ যুদ্ধে কোন প্রকারে কৃতকার্য্য হওয়া যাবে না। কিন্তু কিসে থাকিলেই ব্যবস্থা হতে পারে, আমি আপনার অনেক দিনের নুন খেয়েছি, যাতে আপনার মঙ্গল হয় তাই আমার বাঞ্ছনীয়। এই জন্য আমি মনে মনে একটী কৌশল স্থির করেছি যাতে আমরা নিশ্চয়ই জয়ী হতে পারি। কিন্তু ক্ষত্রিয় হয়ে সে কার্য্য শ্রেয়ঃ হবে কিনা আপনার ন্যায়,

মহারাষ্ট্রীয় মহারাজকে, অনিষ্ট প্রবৃত্তি দিয়ে কোন প্রকারেই মন সরছে না।

শীল। (দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক) দূত! এ সময়ে তোমার মনের ভাব প্রকাশ করে আমার সাহায্য করাই কর্ত্তব্য।

দূত। (চিন্তা করিয়া) মহারাজ! যদি আমরা এক সপ্তাহ দিবস মধ্যে গিয়ে ইন্দ্রকুমারী মহীপৎ সিংহের আক্রমণ করতে পারি, তা হলেই মহারাজের [illegible] মনোবাঞ্ছা পূর্ণ হতে পারে, এবং অনায়াসে মহীপৎ সিংহের দর্পচূর্ণ করে কৃতকার্য্য হতে পারি। [illegible] কিন্তু এক্ষণে একটি সুবিধা অবগত হওয়া গেছে, যে ইন্দুমতী ও রাজকুমার মহীপৎ সিংহের [illegible] অধিকাংশ সৈন্য সমভিব্যাহারে দেশ ভ্রমণে গমন করেছেন; অতএব এই সুযোগ ভিন্ন কৃতকার্য্য হবার আশা আর কোন উপায় নাই, বিবেচনা করুন, অনাগত বিষয়ে প্রস্তুত যুদ্ধে, এক্ষণে যেরূপেই আমাদের [illegible] অগ্রসর হতে হবে, আর এ নিশ্চয় জেনেছি, কারণ মহীপৎ সিংহ [illegible] দীর্ঘকাল পরে যে যুদ্ধের নির্দ্দিষ্ট করেছেন, কেবল [illegible] দের সংবাদ দিয়ে সৈন্য আনায়ে তাঁর সৈন্যাগার পরিপূর্ণ করিবার জন্য। তা হলেই আমাদের সমুদয় অভিলাষ বিফল হবে।

শীল। (আনন্দিত হইয়া) দূত! তোমার কি চমৎকার যুদ্ধ কৌশল? মুহূর্ত্তের মধ্যে আমার কত উৎসাহের

কিরূপ পুনরুজ্জীবিত হবে তুমিই, আমি তোমার এই যুক্তিসিদ্ধ পরামর্শে এখানে বসেই [illegible] হাতে পেলাম। দূত। এ ব্যক্তি উত্তম পরামর্শ [illegible], এখনে অবিলম্বে এতে প্রবৃত্ত হও।

মহারাজ! উতলা হবেন না অগ্রে অগ্র পশ্চাৎ বিবেচনা করুন. রাজবংশীয়দের এরূপ দুর্বিপাক পাপ অবলম্বন, অতি নীতি বিরুদ্ধ কার্য, তাহলে মহারাজের [illegible] পরিপূর্ণ হবে।

দূত। স্বকার্য সাধনে অগ্র পশ্চাৎ না দেখিয়া হিতাহিত বিবেচনা করতে হলে বড় সাধ্য হয় না। অতএব তুমি যে [illegible] বলে তাতে অমত করা [illegible] প্রতীত হতে পারে, এই উপায় অবলম্বন ভিন্ন আর কিছুতেই সুন্দরী ইন্দুমতীকে লাভ করা যেতে পারে না—তুমি কেবল পথভ্রান্তি দূর করে তোমার প্রজাগণের [illegible] আমাদের উক্ত যাত্রার আয়োজন করুন।

রাজা। [illegible] পাত্রা প্রতিপালন [illegible] বটে, কিন্তু [illegible] একে [illegible] তাঁদের [illegible] পরামর্শ [illegible] করিতে [illegible] মহারাজকে চিন্তিত দেখে হঠাৎ [illegible] কার্যে প্রবৃত্ত হবার পরামর্শ দিয়ে ফেলেম কিন্তু যুদ্ধ সাধ্য হয়ে কি রূপেই বা অন্যায় যুদ্ধে গমন করব? (চিন্তা

করিয়া) কাহার দোষ দিব—আপনার মস্তক আপনিই ছেদন করুন (দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ পূর্বক) তা না হউক এখন তো যাই।

[প্রস্থান।

সৌল। (সহর্ষ চিত্তে স্বগত) পুরন্দরের সম্মুখে বরং আত্মকষ্ট স্বীকার করি না, তাঁর ইচ্ছায় কুমারীর বশীভূত হওয়ার কি সহজ উপায়ই হ'ল, অবিলম্বে অঙ্গ যে সুশীতল হবে তার আর কোন সন্দেহই নাই। (চিন্তা করিয়া) কিন্তু প্রিয়বন্ধুকে সঙ্গে করে নিয়ে যেতে হবে, আমোদ আহ্লাদ করিবার সময় বন্ধু বান্ধব সঙ্গে না থাকলে সম্পূর্ণ সুখ হয় না—তাতে [illegible] মন্দ নন, তবে একটা দোষ [illegible]—তা [illegible] জেতের [illegible]বই এ প্রকার—কিন্তু আমার [illegible] তার ও একটা উপায় আছে, তিনি আমার [illegible] প্রকাশ করেছেন যে [illegible] সুগন্ধ তাই কিছু বেশী পরিমাণে লোক দেখান যাবে তা হলেই অথবা আপনি [illegible] যাই, এখন মন্ত্রীর সঙ্গে শুভ যাত্রার পরামর্শ করিগে।

[প্রস্থান।

তৃতীয় গর্ভাঙ্ক।

শিবির—সম্মুখস্থ যুদ্ধক্ষেত্র।

(নেপথ্যে রণবাদ্য)

যশোহর নগরের সেনাপতির কতিপয় সৈন্যসমভিব্যাহারে প্রবেশ।

সৈন্য। জয়! অধিপতির জয়।

রাজা দীর্ঘকুশ ও কতিপয় সৈন্যের প্রবেশ।

সৈন্য। জয় রাজা দীর্ঘকুশের জয়।

(সৈন্যগণের শ্রেণীবদ্ধ হইয়া দণ্ডায়মান।)

শাক্তার নগরের সেনাগণের বাদ্য করিতে করিতে প্রবেশ।

সৈন্য। জয় রাজকুমারী হীরাবতীর জয়। (সকলের শ্রেণীবদ্ধ হইয়া দণ্ডায়মান।)

রাজকুমার যশোবন্ত সিংহ, রাজকুমারী হীরাবতী ও কুমারী ইন্দুমতীর প্রবেশ।

যশো। (হস্তদ্বারা ইঙ্গিতপূর্ব্বক) রাজকুমারী! আপনারা নির্ব্বিঘ্নে আমার পশ্চাতে দণ্ডায়মান হউন।

(রাজকুমারী প্রভৃতির তথাকরণ।)

যশো। (রাজা দীর্ঘকুশ ও সেনাপতির প্রতি ক্রোধান্বিত হইয়া) কাহার নাম রাজা দীর্ঘকুশ?

দীর্ঘ। (দম্ভের সহিত) আমার নাম অতি পূর্ব্ব রাজা দীর্ঘকুশ।

যশো। শুন রাজা দীর্ঘকুশ। তুমি যদি যুদ্ধে অনভিজ্ঞ না থাক তা হ'লে যুদ্ধের নিয়মানুসারে যুদ্ধ কর।

দীর্ঘ। কিরূপ নিয়ম।

যশো। পরস্পর প্রতিজ্ঞা বদ্ধ হও।

দীর্ঘ। ক্ষতি নাই; কিন্তু কিরূপ প্রতিজ্ঞা?

যশো। সৈন্য ব্যতীত পরস্পর দ্বন্দ্ব যুদ্ধ।

দীর্ঘ। (ক্রোধান্বিত হইয়া) কি! কত শত দেশ [illegible] বীর পুরুষদের সহিত [illegible] [illegible] [illegible] স্বয়ং কখন অসি ধারণ করি [illegible] সামান্য যুদ্ধে স্বয়ং অসি ধারণ [illegible] এ প্রতিজ্ঞায় আমার ইচ্ছা নাই। [illegible] [illegible]

যশো। আমি তাহাও সম্যক জানি। [illegible] [illegible] যে ব্যক্তি [illegible] স্বয়ং অস্ত্রধারণ করে যুদ্ধ করতে সমর্থ হয়, এবং রাজপদে প্রতিষ্ঠিত হয়ে যে [illegible] কেবল রাজপদের কলঙ্ক করে মাত্র।

দীর্ঘ। আর সহ্য হয় না [illegible] তোকে [illegible] শাস্তি না দিয়ে আর থাকতে পারলেম না।

যশো। আমিও [illegible] নয়।

দীর্ঘ। (সেনাপতির প্রতি) সেনাপতি! তুমি সৈন্য সহিত যুদ্ধে নিরস্ত্র থাক। (যশোবন্তের প্রতি অসি দেখাইয়া) নরাধম! এই অসি তোর জীবন নাশে ধাবমান, ক্ষমতা থাকে নিবারণ কর।

যশো। (অগ্রসর হইয়া অসি দেখাইয়া) আর, আজ যে আমার হস্তে তুই নরহত্যার পাপ হ'তে [illegible] তার কোন সন্দেহ নেই।

দীর্ঘ। (অগ্রসর হইয়া) আয় তোকে সব বলছি [illegible] করি।

(উভয়ের ঘোরযুদ্ধ—ও দীর্ঘকুশের পতন।)

যশো। (রাজা দীর্ঘকুশের বক্ষোপরি উপবেশন পূর্ব্বক) দীর্ঘকুশ! তোর অভীষ্ট দেবতা [illegible] কর। এইবারে তোর সমুচিত শাস্তি দিই। (বাম হস্তে গ্রীবাধারণ দক্ষিণ হস্তে অসি উত্তোলন)

ইরা। (উচ্চৈস্বরে) রাজকুমার! ওর প্রাণ [illegible] করবেন না প্রাণদণ্ড করবেন না।

যশো। (দীর্ঘকুশকে পরিত্যাগ পূর্ব্বক অনতি দূরে দণ্ডায়মান)

সেনা। (অসি [illegible]) সৈন্যগণ [illegible] জীবিত থাকতে [illegible] ভূমিতে [illegible] হ'ল? আর না, যুদ্ধে প্রবৃত্ত হও। (সৈন্যগণ অগ্রসর হইয়া) জয়, যশোধরের জয়।

যশো। (রাজকুমারীদ্বয়ের প্রতি) রাজকুমারি! আপনাদের একণে অন্তঃপুরে গমন করা কর্ত্তব্য।

ইন্দু। রাজকুমারী! রাজকুমার যা বল্লেন; আমাদের তাই করাই কর্ত্তব্য।

ইরা। প্রিয় সখি তবে চলুন।

(রাজকুমারী দ্বয়ের প্রস্থান।)

[illegible] অঙ্ক।

[illegible]

পঞ্চো। ([illegible] নগরের সৈন্যগণ প্রতি দৃষ্টি করিয়া) [illegible]

[illegible] তোমরা [illegible] যুদ্ধে প্রবৃত্ত হও [illegible]

প্রস্থান

সৈন্যগণ। (গান্ধারনগরের সৈন্যগণ অগ্রসর হইয়া) জয় গান্ধারনগরের জয়।

(উভয় সৈন্যের বিশৃঙ্খলভাবে যুদ্ধ আরম্ভ [illegible] সেনাপতি প্রভৃতি কর্ত্তৃক সৈন্যের [illegible] সৈন্যের পলায়ন এবং গান্ধার [illegible] সৈন্য তাদের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান)

দীপ। (সজোরে গাত্রোত্থান করিতে চেষ্টা করিয়া [illegible] অগ্নিদেব !

[illegible]। (গান্ধারনগরের সৈন্যদ্বয়ের প্রতি) [illegible] এই [illegible] বল প্রকাশ করছে। ইহাকে দৃঢ় [illegible] শিবিরে আনয়ন কর, আর [illegible] হচ্ছে।

সৈন্য। যে আজ্ঞা।

([illegible] প্রস্থান)

(সৈন্যদ্বয়ের [illegible] বন্ধন করিয়া লইয়া [illegible] প্রস্থান।)

চতুর্থ অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

প্রান্তর মধ্যবর্ত্তী কুঞ্জ বন।

রাজকুমার যশোবন্ত সিংহ রাজকুমারী ইরাবতী ও [illegible] ইন্দুমতী আসীন।

যশো। (ইরাবতীর প্রতি) রাজকুমারি! [illegible] সৈন্যদের মধ্যবর্ত্তী হ'য়ে, অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় জ্যোতিঃ বিস্তার করচেন; এমন সময়ে [illegible] পরিত্যাগ করা কি আমাদের যুক্তি সিদ্ধ হয়েচে?

ইরা। রাজকুমার! অকারণ আমার অনুরোধে [illegible] পরিত্যাগ করায়, রমণী [illegible] স্থান অন্বেষণ করায় [illegible] আপনাকে এই কষ্টদায়ক স্থানে [illegible] আমি অপরাধিনী হয়েছি আমাকে ক্ষমা করবেন।

যশো। রাজকুমারি! যুদ্ধক্ষেত্র [illegible] পরিত্যাগ করাতে আমিই দোষী [illegible] আপনারা স্ত্রীলোক আমার অনেক [illegible] হয়েছেন, আপনাদের তো অধিক কষ্ট হবারই সম্ভব [illegible] তাড়াতাড়ি আপনার চিত্ত চাঞ্চল্য হতে পারে।

এক জন সৈন্যের প্রবেশ।

সৈন্য। (রাজকুমারের প্রতি) রাজকুমার [illegible] দ্বিতীয় প্রহর উপস্থিত [illegible]

আজ সেই প্রকারেই আর কেন অন্য কোন প্রকার করা যাবে? কারণ আমাদের আহারাদির কাল অতীত হচ্চে। এক্ষণে সকল প্রহরী বা পাহারা দিতে পাচ্চে না, পরস্পর প্রহরীর বদল, তাঁতো আমাদের আহারাদি আর কোন উপায় দেখা যাচ্চে না, এক্ষণে আপনাদের যা অভিপ্রায় হয় আজ্ঞা করুন।

ইন্দু। (রাজকুমারের প্রতি) রাজকুমার সেই পাপাত্মার জীবন রক্ষা করা না হয়। এক্ষণে [illegible] নারি [illegible] নির্ভয় করে, তবে কেন [illegible] আত্মাকে [illegible] বিলম্ব ক'রে এ প্রকার কষ্ট সহ্য কর্‌চেন [illegible] একটা বিচারে অনুমতি করুন।

যশো। কুমারি! যদি রাজকুমারী সেই দুর্বৃত্তকে যমালয়ে প্রেরণ করতে আমার বাধা না দিতেন, [illegible] প্রতি যে দণ্ডবিধান করা কর্ত্তব্য, তা [illegible] অপেক্ষা কর্ত্তেন না। (সৈন্যের প্রতি) [illegible] দীর্ঘকুশকে সেই অবস্থায় এই স্থানেই আনয়ন কর।

সৈন। যে আজ্ঞা রাজকুমার।

(সৈন্যের প্রস্থান।)

ইন্দু। [illegible] কুমার! সেই নৃশংসের অভিসন্ধিতেই এ দেশে নরব্যাঘ্রদিগের প্রাদুর্ভাব কিন্তু তাহা না [illegible] তাই হউক, অথবা অন্য কোন কারণ বশতঃই [illegible] স্বহস্তে নরহত্যাপাপে প্রবৃত্ত হন নাই বলে প্রাণদণ্ড তার পক্ষে গুরুতর শাস্তি বিবেচনায়, তার জীবন রক্ষা করতে আপনাকে অনুরোধ করেছিলাম।

যশো। রাজকুমারী! ঈশ্বরের অনুগ্রহ ব্যতীত সেই পাষণ্ড এখনই রাজপদ প্রাপ্ত হয় নাই, কিন্তু তার পশুসম সহচর সকলকে নিষ্ঠুরাচরণ শিক্ষা দিয়ে ঈশ্বরের আজ্ঞা বিরুদ্ধ কার্য্যে প্রবৃত্ত হওনের নিমিত্ত পাষণ্ড সর্ব্বতোভাবে, প্রাণদণ্ডে দণ্ডনীয় হয়েছে। অতএব সেই সকল পশুসম নরহত্যাকারী সহচরদের বধদণ্ড দিয়ে দীর্ঘকুশের প্রাণদণ্ড করা উচিত ছিল, কিন্তু সে যাহা হউক পাপাত্মার মুখাবলোকনেও পাপ আছে, ... বিলম্ব করবেন না, যা হয় বিবেচনা করে, ... এক্ষণে কি করা কর্ত্তব্য অনুমতি করুন।

দুই জন সৈন্য সহ শৃঙ্খলবদ্ধ শরীরে ...

রাজা দীর্ঘকুশের প্রবেশ

ইরা। (দীর্ঘকুশকে দেখাইয়া) রাজকুমার! এই নিষ্ঠুর যখন আপনার প্রজ্বলিত ক্রোধানল হ'তে পরিত্রাণ পেয়েছে, তখন নির্ব্বাণ ক্রোধে কি আর লাভ হবে? যা হয় একটী দণ্ড বিধান করুন।

দীর্ঘ। (আস্ফালন পূর্ব্বক ইরাবতীর প্রতি) ক্রোধানল কার ক্রোধানল?

যশো। (ক্রোধান্বিত হইয়া দীর্ঘকুশের প্রতি) কি! নরাধম! পাচ স্বাধীনতা অভাবেও তর্জ্জন গর্জ্জন করতে তোর লজ্জা বোধ হয় না?

দীর্ঘ। (যশোবন্ত সিংহের প্রতি) আমার শরীরই দেখছি পরাধীন হয়েছে, আমার স্বাধীন অন্তঃকরণ কারও অধীন নয়।

ইরা। শোন, দীর্ঘকুশ। তোমার এ অবস্থায় শৃগালের ন্যায় গর্জন ক'রে কোন ফল হবে না। যদি তোমার জীবনের প্রত্যাশা থাকে, রাজকুমার যশোবন্ত সিংহের অধীনত স্বীকার ক'রে তোমার আরাধ্য পূজার ... পাপ হতে ক্ষান্ত হও।

দীর্ঘ। (পুনরায় ইরাবতীর প্রতি) প অধীন ... অধীন ... সে কে?

ইরা। রাজকুমার যশোবন্ত সিংহের অধীন; ... সিংহকে আমি দ্বারা ...

দীর্ঘ। ... মস্তক ... দিয়া ... ছাড়া ... হয় না! (পুনরায় ইরাবতীর প্রতি) ... এই দেহ ... বন্দী হ'য় তথাচ আমার ... কেহই কখন ... পারে না। (অকস্মাৎ বলপূর্ব্বক ভূমে পাতিয়া উপবেশন ... যশোবন্ত সিংহের প্রতি) আর আমার মুণ্ডচ্ছেদন কর, আমি স্বাধীন অন্তঃকরণে জীবন পরিত্যাগে প্রস্তুত।

যশো। (... পূর্ব্ববৎ দীর্ঘ কুশের প্রতি) নরাধম! আমার ... পিত ক্রোধানল প্রজ্বলিত না হতেই, এখনও রাজকুমারীর আজ্ঞা প্রতিপালন কর, নচেৎ তোমার ... রক্ষা নাই।

দীর্ঘ। কি বল্লি দুরাচার পামর। ব্যভিচারিণী স্ত্রীলোকের আজ্ঞা প্রতিপালন—... কাটি (উর্দ্ধে দৃষ্টিপাত)।

যশো। কি দুর্বৃত্ত নরপিশাচ! যে পুরস্ত্রীর অন্তঃকরণে এখনও পর্য্যন্ত প্রেমের বীজ বপন হয়নি, সেই স্ত্রীর কুৎসা। (সজোরে দীর্ঘকুশের গ্রীবাদেশে অস্ত্র প্রহার) যাও এখন নরক কুণ্ডে গিয়ে এর ফল ভোগ কর।

(সকলের প্রস্থান।)

দ্বিতীয় গর্ভাঙ্ক।

সমুদ্র তীর — সৈনিক শিবির।

রাজকুমার যশোবন্ত সিংহ, রাজকুমারী ইরাবতী ও কুমারী ইন্দুমতীর প্রবেশ।

ইন্দু। (যশোবন্ত সিংহ ও ইরাবতীর প্রতি) আপনারা এক্ষণে অস্ত্র পরিত্যাগ করে ক্ষণেক বিশ্রাম করুন।

ইরা। প্রিয়সখি! আপনার ও কি এখন বিশ্রাম করা আবশ্যক?

ইন্দু। রাজকুমারি! আপনারা অগ্রে পর্য্যঙ্কোপর উপবেশন করুন, আমিও আপনাদের পশ্চাৎ গামিনী হচ্ছি!

ইরা। রাজকুমার! তবে অস্ত্র পরিত্যাগ ক'রে উপবেশন করুন।

যশো। হাঁ অস্ত্র পরিত্যাগ করা এক্ষণে কর্ত্তব্য। (অস্ত্র

পরিত্যাগ করিয়া) রাজকুমারি! আপনারা যে আমা অপেক্ষা সাতিশয় ক্লান্ত হয়েছেন তাতে সন্দেহ নাই, অতএব আপনারা নিরুদ্বেগে বিশ্রাম করুন। (চিন্তা করিয়া) সেই বৃক্ষের তলায় আমার অত্যন্ত উত্তাপ অনুভব হওয়াতে গাত্রে ঘর্ম্ম হতে আরম্ভ হয়েছে, কিন্তু পুনরায় শিবির মধ্যে প্রবেশ ক'রে আবার দ্বিগুণ সন্তাপ বোধ হচ্চে। এক্ষণে এ বসন্ত ঋতুর সন্ধ্যা সমীরণ সেবন কর্তে আমার অন্তরাত্মা অতিশয় আকুলায় কর্চে, আপনারা অনু গ্রহ ক'রে অল্পসময়ের জন্য নিকটস্থ সমুদ্র তীরে ভ্রমণের নিমিত্ত আমাকে অনুমতি প্রদান করুন।

ইন্দু। রাজকুমার! আপনার এরূপ বাক্য প্রয়োগ করা, কেবল আমাদিগকে নিগ্রহ করা মাত্র, যেহেতু আমা দের অপেক্ষা আপনার চতুর্গুণ ক্লেশ হওয়া সম্ভব, বিবে চনা করুণ, পিশাচের হস্তে বন্দী হ'য়ে কি দুঃসহ ক্লেশ সহ্য কর্তে হয়েচে, আবার সেই ক্লেশ হ'তে সর্ব্বতোভাবে সুস্থ না হতে হ'তেই, কি ভয়াবহ সং গ্রামে প্রবৃত্ত হয়ে কষ্ট ভোগ কর্তে হয়েচে; অতএব এই সকল ক্লেশের পর কি আপনার শিবির পরিত্যাগ ক'রে একাকী সমুদ্র তীরে শারীরিক কষ্ট নিবারণের নিমিত্ত ভ্রমণ কর্তে গমন করা বিধেয়? আপনার শিবির মধ্যে অবস্থান পূর্ব্বক বিশ্রাম করাই সর্ব্বতো ভাবে উচিত। (সলজ্জভাবে) আমি আপনার সেবা শুশ্রূষায় নিযুক্ত হচ্চি।

যশো। রাজকুমারি! আপনি আমার বিশ্রামের নিমিত্ত যে রূপ আদেশ কর্লেন তা আমার পক্ষে শ্রেয়স্কর বটে, কিন্তু আমি বিবেচনা করি, যদি ক্ষণেক বারি বিন্দু-বিহীত বায়ু সেবন কর্তে পারি, তা হলে আমার চিত্ত প্রফুল্ল হবার বিশেষ সম্ভাবনা, অতএব আপনার অনুমতিতে অতি অল্প সময়ের জন্য আমার চিত্ত শিবির পরিত্যাগ কর্তে ইচ্ছুক হচ্চে, অনুরোধ করি আমার গমনে বাধা না দিয়ে সম্মতি প্রদান করুন।

ইরা। রাজকুমার! যদি আপনার নিতান্ত একাকী ভ্রমণেরই অভিলাষ হয়ে থাকে, আমি আপনাকে বাধা দিতে অভিলাষ করি না, কিন্তু সাবধান রাত্রিকাল উপস্থিত, এবং অতি নিকটেই অরণ্য, আপনি অতি শীঘ্র শিবিরে প্রত্যাগমন কর্বেন, বিলম্ব করবেন না।

যশো। রাজকুমারি! এই শ্মশানসদৃশ স্থানে আপনার আশ্রয় ভিন্ন অন্য আশ্রয় নাই যে আপনার দাক্ষিণ্য- বিস্মৃত হয়ে কুত্রায় অবস্থিতি করব। আপনি নিশ্চিন্ত থাকুন, অতি শীঘ্রই আমি প্রত্যাগমন কর্ব।

(প্রস্থান।)

ইরা। (ইন্দুমতীর প্রতি) প্রিয়সখি! রাজকুমারের অভিপ্রায় কি কিছু বুঝ্তে পার্লেন? আমার তো বড় ভাল বিবেচনা হচ্চে না। আমি স্ত্রীলোক লজ্জাক্রমে বারম্বার বাধা দিতেও পার্লেম না। কিন্তু আমার শরীর অত্যন্ত অসুস্থ বোধ হচ্চে, আমি ক্ষণেক বিশ্রাম কর্তে ইচ্ছা করি, যদি আপনার ইচ্ছা হয়, এবং কোন

কষ্ট না হয়, অনুগ্রহ পূর্ব্বক রাজকুমারের পশ্চাদ্গা-
মিনী হলে বড় ভাল হয়।

ইন্দু। রাজকুমারি! আমার শরীরে কিছুমাত্র ক্লেশ নাই, আপনি বিশ্রাম করুন, আমি রাজকুমারের পশ্চাদ্গামিনী হলেম।

(প্রস্থান।)

ইরা। (ইতস্ততঃ দৃষ্টিপাত পূর্ব্বক স্বগত) আমাদের তো আর এক্ষণে কিছুরই আশঙ্কা নাই, তবে কি কারণে আমার এত অসুখ বোধ হচ্চে? ভাল—আমার অন্তঃকরণ ক্রমশ চঞ্চল ভাব অবলম্বন কর্‌চে কেন? ত্রিভুবনের সকল দ্রব্যই আমার তিক্ত অনুভব হচ্চে যে! (চিন্তা করিয়া) যে রাজকুমারের সহিত পূর্ব্বে অশোচিত্তচিত্তে আলাপ করিচি এক্ষণে তাঁর সহিত কথোপকথনেও লজ্জা বোধ হচ্ছিল এর কারণ কি? যে দুরাত্মা মদন আমার হৃদয় মন্দিরে প্রবেশ ক'রে তার অনুগামিনী হতে বারম্বার আমাকে তাড়ন কর্‌চে; এই অরণ্য মধ্যেই বা দুরাত্মা কি প্রকারে আমার অনুসন্ধান কর্‌লে? আমার তো রাজকুমারের অনুগামিনী হওয়া উচিত নয়, এক্ষণে কি করি, কোথা যাই, কার শরণাপন্ন হই, কার দ্বারাই বা দুরাত্মাকে হৃদয় হতে বহিষ্কৃত করি? দেখি দেখি একটু শয়ন করে দেখি, যদি নিদ্রাদেবীর আরাধনা কর্‌লে নিষ্ঠুরের তাড়না হতে পরিত্রাণ পাই। (পর্য্যঙ্কোপরি শয়ন ও চক্ষু মুদ্রিত করিয়া পার্শ্ব পরিবর্ত্তন পূর্ব্বক) উঃ একি হ'ল,

নিদ্রা যে কিছুতেই হয় না, চক্ষু মুদ্রিত করলেই যে চক্ষের পীড়া উপস্থিত হয়? এত দিন শত্রুর আশঙ্কা সত্বেও যদ্দেও শয়ন করেছি, জাগতেই নিদ্রাগত হয়েছি; দুরাত্মা মদনের কি এত দূর ... নিদ্রা দেবী তার ভয়ে আমার প্রফুল্ল নয়নে ... হ'তে আশঙ্কা করলেন? উঃ—আবার ... পিপাসা পাচ্যে, একটু জল খাই। (গাত্রোত্থান পূর্ব্বক) আমার শয্যাকণ্টক উপস্থিত হ'ল যে? (দূরে গমনান্তর জল-পান পূর্ব্বক পুনরায় শয়ন) এবার নিদ্রা আসবেই আসবে। (চক্ষু মুদ্রিত।)

অলক্ষিত ভাবে কুমারী ইন্দুপ্রভার প্রবেশ।

ইন্দু। (চিন্তা করিতে করিতে স্বগত) আজ যে রাজকুমারী অনায়াসে আমাকে রাজকুমারের সহিত সমুদ্রতীরে বিবাহের অনুমতি দিলেন? বল্লেন আমার শরীর অসুস্থ হয়েছে, আমি একটু বিশ্রাম করি, কিন্তু শরীর অসুস্থ হলে আমি নিকটে থাকলেই ত সুস্থ হবার সম্ভাবনা; এর কারণ কি? আমি তো কিছুই বুঝতে পাচ্চি না। (চিন্তা করিয়া) গোপনে গোপনে এক বার দেখি রাজকুমারী নিদ্রিত কি না? (যাইতে অগ্রসর হইয়া রাজকুমারীর স্বর শ্রবণে গোপন ভাবে এক পার্শ্বে দণ্ডায়মান।)

হীরা। (স্বপ্নাবেশে নিদ্রা ভঙ্গে) স্বপ্ন! তুমি কি এই বন বাসিনীর হৃদয়ে অনুরাগের পথ দর্শক হয়ে কৃতকার্য্য হলে? কি দৈব দুর্ব্বিপাক! আমি তো জ্ঞানকৃত

কখনই ইন্দ্রিয় সুখানুভব করি নাই, পিতৃকুলের কলঙ্ক প্রত্যাশা করি নাই, তবে আমার বিদ্যা শিক্ষায় স্বাধীনতা লাভের কি এই ফল দর্শিল? হা দৃঢ় প্রতিজ্ঞ. তুমি এখন কোথায়। দুরাত্মা অনঙ্গের ভয়ে অন্তর হ'তে কি অন্তর্হিত হলে? এক্ষণে তোমা [illegible] শাসন হতে পরিত্রাণের আর কোন উপায় দেখ্‌চি না, শীঘ্র পূর্ব্বমত হৃদয়কে দৃঢ়তর কর, [illegible]! দুরাচারের শাসনের নিমিত্ত অসি ধারন কর; নচেৎ কুলমর্য্যাদা রক্ষার আর কোন উপায় নাই। অনঙ্গ দেব! অনুরাগের সময়াসময় বিবেচনা কর্‌লে না; পাত্রাপাত্র বিবেচনা কর্‌লে না; সেই জিতে-ন্দ্রিয় রাজকুমারের হৃদয়ের সন্নিহিত হ'তে তুমি সাহসী না হয়ে, আমি স্ত্রীলোক আমাকেই কষ্ট দিলে, [illegible] তোমাদের সকলেরই কি এই অভিপ্রায় হ'ল? (উর্দ্ধে দৃষ্টিপাত করিয়া) এই রাত্রি তো অধিক হয়েচে, কই রাজকুমার তো এখনও এলেন না. তবে কি আমি চতুর্দ্দিক অন্বেষণ ক'রে তাঁর দর্শন লাভে [illegible] আবেগ নিবারণ কর্‌ব? না—তা হ'লে [illegible] সখির মনে অন্য ভাব হবার সম্ভাবনা, তাঁর নিকট এই মাত্র অসুস্থতা প্রকাশ করেছি, আবার অল্প সময়ের মধ্যে সুস্থ লাভ করেছি কি রূপে ব্যক্ত কর্‌ব? উঃ এখন যে রাজকুমারের অদর্শন বাণ আমার হৃদয় বিদীর্ণ কর্‌চে।

ইন্দু। (স্বগত) রাজকুমারীর অসুস্থ হওনের অর্থ তো নিজেই

বাক্ত [illegible] (চিন্তা করিয়া) আর কষ্ট দেখা
যা [illegible] আশ্বাস প্রদান করিগে। (রাজকুমারীর
[illegible] প্রবেশন পূর্ব্বক প্রকাশে) রাজকু-
[illegible] যদি অলক্ষিত ভাবে, এখন এখানে
[illegible] এম, তা হলে তো আপনার মর্ম্ম যন্ত্রণা
[illegible] থাকতে পারতেম না, আপনার এই মান
[illegible] তো উপযুক্ত ঔষধের প্রয়োজন [illegible]
[illegible] আমার নিকট গোপন করা কি আপ-
[illegible] উচিত হয়েচে? আমি ব্যতীত আপনার
[illegible] ভাব প্রকাশের উপযুক্ত পাত্রী আর এখানে কে
আছে? নানাবিধ পুস্তক পাঠেও তো অবগত হয়ে-
ছেন যে মনোদুঃখ প্রিয়পাত্রীর নিকট ব্যক্ত করলেও
দুঃখের অনেক উপশম হয়? তবে কি আপনি আমাকে
প্রিয়পাত্রী বিবেচনা করেন না?

[illegible] । প্রতিজ্ঞা বিরুদ্ধ, শাস্ত্রবিরুদ্ধ এবং
[illegible] আমার চিত্ত সহসা অস্থির হও-
[illegible] আপনার নিকট আমার মানা-
ভাব ব্যক্ত করতে সাহস করি নাই। (ইন্দুমতীর
হস্ত ধারণ পূর্ব্বক [illegible]) প্রিয়সখি! আমাকে
ক্ষমা করবেন, [illegible] আপনি দুঃখিত হয়ে
আর যন্ত্রণা বৃদ্ধি কর [illegible]) রাজ-
কুমারকে দর্শন মাত্রেই [illegible] আমার পাণিগ্রহ
অঙ্কুর উদয় হয়েছিল এবং আবার তাঁর অপরিসীম
বলবীর্য্য অবলোকন করে, আমার মন ও নয়ন এক-

বাঁরে তাঁর অধীন হয়ে পড়েছে, অধিকন্তু তাঁর অদর্শনে আমার অন্তরে ক্লেশ হচ্চে।

দেবী। রাজকুমারি! চন্দ্রোদয়ে যেমন জলনিধি প্রফুল্ল হয়, তদ্রূপ আপনার মনে সমাজবিরুদ্ধ প্রতিজ্ঞা ভঙ্গের ভাব উদয় দেখে আমার মন সেই রূপ আহ্লাদিত হল। কিন্তু আপনি যেরূপ অনুতপ্ত হয়েছেন সেরূপ কিছু অনুতপ্ত হওয়া উচিত হয় না। রাজকুমার যে আমাদের নিকটেই উপস্থিত আছেন, বিশেষতঃ আপনি তাঁর প্রাণ রক্ষা করেছেন, যদি তাঁর নিকট আগ্রহ সহকারে এ সম্বন্ধ ব্যক্ত করা যায় তা হলে তিনি কখনই সন্দেহ করতে পারবেন না। আর এক্ষণে রাজকুমার সমুদ্রতীরে ভ্রমণ করচেন, আমি তাঁর অনুগমন করেছিলাম কিন্তু তা তিনি অনুভব করতে পারলেন না। তাঁর ভাব ভঙ্গি দেখে বোধ হল যেন কোন অপার্থিব ভাব তাঁর চিত্তক্ষেত্র অধিকার করেছে, বোধ হয় আপনার ন্যায় তাঁরও অন্তঃকরণে অনুরাগ অঙ্কুরিত হয়ে থাকবে; ধৈর্য্য হন, অগ্রে বাক্য কৌশলে তাঁর মনোভাব অবগত হই, তার পর আপনার মনোভিলাষ যাতে পূর্ণ হয় সে জন্য তাঁকে বিশেষ অনুরোধ করব।

ইরা। প্রিয়সখি! সহসা আমার মনোভাব তাঁর নিকট ব্যক্ত করতে লজ্জা বোধ হচ্চে, কারণ তিনি আমাদের [illegible] আমাদের আত্ম পরিচয় পেয়েছেন, তাতে যদি তাঁর প্রত্যয় না হয়ে থাকে? আমার এই

গর্হিত প্রস্তাবে যদি ইতর কন্যা বিবেচনা করে ঘৃণা করেন? তা হলে কি হবে।

ইন্দু। রাজকুমারি! যখন লতা সকল, কোন একটী বৃক্ষ বেষ্টন করতে ধাবমান হয়, তখন দিনকরের কিরণ হ'তে সুশীতল হবার জন্য বৃক্ষ সকল ও লতা বেষ্টিত হ'তে অভিলাষী ভিন্ন কখন অনিচ্ছা প্রকাশ করে না। সেই রূপ বোধ করি তিনিও আপনার মত অনুতপ্ত হয়ে থাকবেন অতএব আপনার এমগ্লানি হ'তে মুক্ত করতে তিনি অবশ্যই আপনাকে আশ্রয় দিয়ে সুশীতল হবেন।

ইরা। প্রিয়সখি! তবে রাজকুমার এখন কোথায় আছেন? আমার মনে যে নানা অমঙ্গল চিন্তা উপস্থিত হচ্চে, আমার দক্ষিণ চক্ষু স্পন্দ হ'তে আরম্ভ হ'ল কেন?

ইন্দু। রাজকুমারি! আপনি একটু অপেক্ষা করুন, আমি তাঁকে অবিলম্বেই এখানে আনয়ন করচি, অমঙ্গলের কোন সম্ভাবনাই নাই।

ইরা। প্রিয়সখি! তবে আমি পুনরায় শয়ন করলেম।

(শয়ন।)

ইন্দু। (গাত্রোত্থান পূর্ব্বক গমনে উদ্যত হইয়া স্বগত) যৌবন কাল অতি বিষম কাল, এ কালে সকলেরই অন্তঃকরণ বারির জলতরঙ্গের ন্যায় যখন যে দিকে ইচ্ছা ধাবমান হয়, স্বয়ং ভগবান তার গতি রোধ করতে সক্ষম হন নাই। রাজকুমারী যে অনঙ্গ বেদনায় কাতর হয়েচেন, এতে ওঁর কিছু মাত্র অপরাধ

নাই, একে তো উপযুক্ত পাত্রেরই অনুগামিনী হয়েছেন, আবার প্রেম অনুসারে ঈশ্বরের নিয়ম কখনই লঙ্ঘন হয় না—আমার ও অন্তঃকরণ সদাসর্ব্বদা রাজকুমার যশোবন্তসিংহের জন্য দগ্ধ হচ্চে—তা কি করি। (রাজকুমারীকে লক্ষ্য করিয়া) ওঁর প্রতিজ্ঞা হেতু কেবল এত দিন আমার মন্মথানল প্রচণ্ড বেগে উদ্দিপ্ত হতে পারেনি; এক্ষণে আমার ও রাজকুমারীর ন্যায় হবার নিশ্চয় সম্ভাবনা, কারণ সংসর্গের দৃষ্টান্তে সকল স্বপুরই প্রবল গতি হয়ে থাকে; এখন যাই। রাজকুমারীকে তো অগ্রে শান্ত করিবার চেষ্টা করি তার পর আমার অদৃষ্টে যা থাকে। তাই হবে। দেখিগে রাজকুমার কি অবস্থায় কোথায় আছেন।

(এক দিক দিয়া প্রস্থান।)

অপর দিক দিয়া যশোবন্ত সিংহের পুনঃ প্রবেশ।

যশো। (স্বগত) কি আশ্চর্য্য! অল্পকালের মধ্যেই যে আমার মন বিপরীত ভাব অবলম্বন ক'রে পরের অধীন হয়ে পড়্‌ল? সমুদ্র তীরটী এই সময় অতি মনোহর এই বিবেচনা ক'রে রাজকুমারীর অদর্শনে মনের চাঞ্চল্য নিবারণ করিবার আশায় ভ্রমনার্থ গমন কর্‌লেম, কিন্তু সেখানে এরূপ ঘটনা সকল উপস্থিত হ'তে আরম্ভ হ'ল, যে আমি নিদ্রিত কি জাগরিত একাকী কি কুমারী সমভিব্যাহারে এ সকলের কিছুই স্থির চিত্তে অনুধাবন কর্‌তে পাচ্ছিলাম না; যে দিকে

দৃষ্টিপাত করি ... রাজকুমারীর রূপ সাগরের ... অবলোকন করি। যে দিকে ... বিশুদ্ধ স্বভাবের চিন্তা ... করিয়া) অপরিচিত ব্যক্তি ... নিকট আমার মনোভাব ... বিপরীত ফল প্রাপ্ত হই, তা ... অত্যন্ত লজ্জিত হ'তে হবে। (দীর্ঘনিঃশ্বাস ... করিয়া) পরমেশ্বর ... অনেকেই ... প্রারম্ভে আমার ... আচরণে ... করে এই রূপ সন্তাপিত ... না কেবল ... ভাগ্যেই এই রূপ ঘটল? সকলি ... মহিমা। (রাজকুমারীর প্রতি দৃষ্টিপাত করিয়া চন্দ্রের প্রতিবিম্ব রাজকুমারীর গাত্রে পতিত দেখিয়া আশঙ্কা ... হইয়া) একি! ... স্বয়ং চন্দ্রদেব ও কি রাজকুমারীর প্রতি আসক্ত হয়ে, আমার প্রতিদ্বন্দ্বী হলেন। ... করিয়া) রাজকুমারী ... লাচ্ছেন? কুমারী কোথায় গেলেন? কই, তো তাঁহাকে যে নিকটবর্ত্তী কোন স্থানে দেখতে পাচ্চি না। এর কারণ কি? (চিন্তা করিয়া) বোধ করি বিশেষ প্রয়োজন বশতঃ নির্জন স্থানেই গমন করে থাকবেন এখনি প্রত্যাগমনের সম্ভাবনা। (রাজকুমারীর দিকে অগ্রসর হইয়া) রাজকুমারীর অদর্শনে অত্যন্ত ব্যাকুল হওয়ায় সমব্যস্তে রাজকুমারীকে দর্শন করতে এলাম, তা এঁকে যতবার নিরীক্ষণ করি ততই মনোমধ্যে এক অনির্ব্ব-

নীয় ভাগ্যোদয় হয়ে কষ্টের বৃদ্ধি ব্যতীত তো হ্রাস হচ্চে না, এখন তো আর এঁর নিকট অবস্থিতি কর্‌লে এ অপেক্ষা অধিক লাঞ্ছনায় পতিত হ'তে হবে, কারণ এ শিশুমতি কামিনীর উপযুক্ত পাত্র আমি কোন ক্রমেই নই, বরং স্ত্রীলোক হয়ে আমার প্রাণ রক্ষা করায়, আমাকে পুরুষাধম অনুমান করেছেন, তবে আমার এক্ষণে রাজকুমারীর দুর্লভ প্রেমলাভের আশা পরিত্যাগ ক'রে এখান হ'তে গোপনে গোপনে পলায়ন করাই শ্রেয়। (নেপথ্যে পদ শব্দ শুনিয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিয়া) ইশ্‌! কি অহিত কর্ম্ম করা হয়েছে, অত্যন্ত মূর্খের ন্যায় কার্য্য করা হয়েছে; বামন হয়ে চন্দ্র-স্পর্শের আশা করা হয়েছে—রাজকুমারী এখানে নিদ্রা যাচ্চেন আর এত দীর্ঘকাল শিবির মধ্যে অবস্থিতি কর্‌চি; এই বুঝি কুমারী আস্‌চেন? এখনি ত অক[illegible] মূর্খতা প্রকাশ হবে; (সসব্যস্তে যাইতে অগ্রসর হইয়া) এই প্রস্থানেই একেবারে এখান হ'তে প্রস্থান করা উচিত। হা ভগবান! সেই পিশাচী বিমাতার জন্য আরও কত কষ্ট সহ্য কর্‌তে হবে।

(প্রস্থান।)

ইরা। (পুনরায় রাজকুমার যশোবন্ত সিংহকে নিদ্রাবস্থায় স্বপ্নে দেখিয়া চকিত ভাবে গাত্রোত্থান পূর্ব্বক উচ্চৈঃস্বরে) রাজকুমার! রাজকুমার! এ অধিনীকে দুঃসহ যন্ত্রণায় নিমগ্ন ক'রে পলায়ন কর্‌বেন, না কর্‌বেন না (পুনরায় শয়ন।)

সসব্যস্তে কুমারী ইন্দুমতীর প্রবেশ।

ইন্দু। (পর্য্যঙ্কোপরি উপবেশন ও রাজকুমারীর গাত্রে হস্ত মার্জ্জন করিতে করিতে) একি! একি! কি সর্ব্বনাশ! রাজকুমারী আপনার এরূপ হওনের কারণ কি?

একজন সৈন্যের প্রবেশ

ইরা। (কুমারীর গ্রীবাদেশ ধারণ করিয়া বক্ষঃস্থলে মস্তক রাখিয়া লজ্জা ও ভয়ের সহিত) হা প্রিয়সখি! স্বপ্ন—

ইন্দু। (সৈন্যের প্রতি) সৈন্য, ব্যজন লইয়া শীঘ্র বাতাস আরম্ভ কর।

সৈন্য। যে আজ্ঞা। (ব্যজনগ্রহণ করিয়া বাতাস আরম্ভ।)

ইন্দু। (ইরাবতীর প্রতি) ছি! ছি। একি রাজকুমারী স্বপ্নও কি কখন সত্য হয়? তা হ'লে মনুষ্যের অদৃষ্ট জানবার আর ভাবনা থাকতনা, এই যে আমি প্রায় প্রত্যহই তোমার ভ্রাতা রাজকুমার মহাপৎসিংহকে স্বপ্নে দেখি, তাকি সত্য হয়?

ইরা। প্রিয়সখি! সে স্বপ্ন আবার মনে হ'লে, আমার হৃদয় বিদীর্ণ হয়! (শিহরিয়া উঠিয়া রোদন)

ইন্দু। রাজকুমারি! আপনি এতদূর বিবেচনাশূন্য হলে, এই কষ্ট হ'তে কখনই শান্তি লাভ করতে পারবেন না। এমন কি ভয়ানক স্বপ্ন দেখেছেন যে আপনার এরূপ দুঃসহ কষ্ট হচ্চে?

ইরা। প্রিয়সখি! আমার নিকট হ'তে আপনার গমনের পর নিদ্রার আবির্ভাব হ'ল—নিদ্রাবস্থায় স্বপ্ন দর্শন কল্লেম যেন রাজকুমার আমার ন্যায় পীড়ায় ব্যথিত হয়ে, আমার নিকট আগমন করেছিলেন।—

ইন্দু। হাঁ—তার পর কি হ'ল?

ইরা। প্রিয়সখি! তার পর তিনি যেন আমার প্রেমলাভ তাঁর পক্ষে দুরাশা মনে মনে স্থির কল্লেন [illegible],

ইন্দু। রাজকুমারি! কেন এত অধৈর্য্য হ'চ্চেন [illegible] চাই কি বলুন? এখনি তার প্রতিকারের চেষ্টা করচি।

ইরা। প্রিয়সখি! তার পর রাজকুমার আমার প্রেমলাভে একেবারে নিরাশ হয়ে, আর আমাকে পুনরায় দর্শন দেবেন না এইরূপ প্রতিজ্ঞা কল্লেন, তার দর্শনে আমি নিদ্রাবস্থায় রাজকুমারের গমনে বাধা দিবার জন্য ওরূপ চীৎকার করে উঠলেম। (সরোদনে) আপনি যে তাঁকে আনয়ন কর্ত্তে গিয়েছিলেন, তিনি কি এলেন?

ইন্দু। (সৈন্যের প্রতি) সৈন্য! তুমি বাতাস দেওনে নিরস্ত হয়ে; অবিলম্বে শিবিরের পশ্চিমাংশে রাজকুমারকে অন্বেষণ করে এস।

সৈন্য। যে আজ্ঞে কুমারি! (ব্যজন রাখিয়া যাইতে যাইতে স্বগত) কি বিপদ—প্রায় মাসাবধি দিবারাত্রের মধ্যে তোমাদের আশঙ্কায় একদণ্ডের নিমিত্তেও বিশ্রাম কার নাই, এখন কোথায় সে সকল আশঙ্কা হ'তে

উদ্ধার হওয়া গিয়েছে, সময় সময় এক পাখ — বিশ্রাম করে, হয়ে না হয়ে পূর্ব্বের চেয়েও ... পেয়েছি; তুমি যদি তোমার প্রতিজ্ঞা রক্ষা নাই করতে পারবে তবে কি জন্যে এরূপ প্রতিজ্ঞা করেছিলে? ... প্রতিজ্ঞার ফল প্রকাশ হলো—এই অনেক ... জন ... থাকার কে,—তিনি ই ... পরমেশ্বর জানেন—তাঁর ... অনুরক্ত হয়ে এরূপ কষ্ট পাওয়া কেন? আর ... কষ্ট দেওয়া কেন ... দেশের লোকের ... হাহাকার ... কেন? এখন যেরূপ ... রাজকুমারকে না পাওয়া যায় ... রাজকুমারী জীবন ...দেহ। আমরা পরাধীন, ... সহ্য কর্তে হবে, যাই— ... জন্যে মনে বনে ভ্রমণ করি গে।

(প্রস্থান।)

হীরা। (কাতর স্বরে) প্রিয়সখি! আপনি রাজকুমারকে আমার নিকট আগমনের নিমিত্ত অনুরোধ কর্তে গমন করলেন তার পর আপনি একাকিনী প্রত্যাগমন করলেন যে? রাজকুমার এলেন না? তিনি কি বল্যেন?

ইন্দু। রাজকুমারি! সমুদ্রতীরে ইতস্ততঃ অন্বেষণের পর, তাঁর দর্শন না পাওয়াতে বিবেচনা কর্লেম যে রাজকুমার শিবিরের পশ্চিমাংশবর্ত্তী স্থানটীর রমণীয়তাপ্রযুক্ত সেই স্থানেই ভ্রমণ কর্চেন

